

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৩০

আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৩

রাজ্যপালের সাথে পর্যটন ও পরিবহণ দপ্তরের সচিবের বৈঠক



রাজ্যভবনে আজ সকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লুর সাথে পর্যটন ও পরিবহণ দপ্তরের সচিব এবং এই দুই দপ্তরের এইচওডি এক বৈঠক করেন। বৈঠকে রাজ্যপালকে পর্যটন ও পরিবহণ দপ্তরের সচিব ইউ কে চাকমা পর্যটন দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প ও রাজ্যে পর্যটনের বিকাশে গৃহীত কর্মসূচিগুলি অবহিত করেন। তাছাড়াও তিনি পরিবহণ দপ্তরের বিভিন্ন কাজকর্মও রাজ্যপালের কাছে তুলে ধরেন। বৈঠকে পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস এবং পর্যটন ও পরিবহণ দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজ্যভবন থেকে এ সংবাদ জানানো হয়েছে।
